বাংলার লোক-সংগীত

প্রথম খণ্ড

ঃ সংগ্রহ ও স্বরলিপি ঃ

শ্রীসুরেন্দ্র চন্দ্র চক্রবর্ত্তী বি, এল

*

ঃ ভূমিকা ও আলোচনা ঃ

ডক্টর শ্রীআশুতোষ ভট্টাচার্য্য এম, এ, পি, এইচ, ডি

*

ঃ প্রকাশক ঃ

শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায়

বেঙ্গল মিউজিক কলেজ (গবেষণা বিভাগ)

প্রকাশক :—
শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায়
অধ্যক্ষ, বেঙ্গল মিউজিক কলেজ
১০, ডোভার লেন,
কলিকাতা-২৯

প্রচ্ছদ-পট :—
শ্রীদ্বারকানাথ চট্টোপাধ্যায়

প্রথম মুদ্রন —১লা বৈশাখ, ১৩৬৮

মুদ্রাকর :—শ্রীতপন দত্ত
নিউ রিপাব্লিক্ প্রেস
৬৭-বি, হিদারাম ব্যানার্জী লেন,
কলিকাতা-১২
ফোন : ৩৪-[illegible]

তিন টাকা

নিবেদন—

বাংলা দেশে লোক-সঙ্গীতের অভাব নাই; কিন্তু তাহার স্বরলিপি আজ পর্য্যন্ত পুস্তকাকারে কোথাও প্রকাশিত হয় নাই। বাংলার সঙ্গীতানুরাগিগণ স্বভাবতঃই ইহার অভাব বোধ করিয়া আসিতেছিলেন; বাংলার দুই জন বিশেষজ্ঞ এ বিষয়ে অগ্রণী হওয়াতে এই অভাব দূর করিবার উদ্দেশ্যে প্রথম প্রয়াস রূপে "বাংলার লোক-সঙ্গীত" প্রথম খণ্ড প্রকাশ করা সম্ভব হইল। ইঁহাদের একজন বাংলার বিখ্যাত লোক-সঙ্গীত-শিল্পী শ্রীসুরেন্ চক্রবর্ত্তী ও অপর জন প্রখ্যাত লোক-সাহিত্য-ব্রতী অধ্যাপক শ্রীআশুতোষ ভট্টাচার্য্য। এই খণ্ডে লোক-সঙ্গীত সম্পর্কিত সাধারণ আলোচনা, বাউল সম্পর্কিত বিশেষ আলোচনা এবং কতকগুলি বাউল ও ভাটিয়ালী সঙ্গীতের সংগ্রহ ও স্বরলিপি প্রকাশিত হইল। পরবর্ত্তী খণ্ডগুলিতে ভাটিয়ালী ও বাংলার বিশেষ বিশেষ অন্যান্য লোক-সঙ্গীত সম্পর্কিত অনুরূপ আলোচনা সহ স্বরলিপি প্রকাশিত হইবে। এই খণ্ডে যে সকল লোক-সঙ্গীত রহিয়াছে এবং ইহার পরবর্ত্তী খণ্ডগুলিতেও যে সকল লোক-সঙ্গীত আলোচনা ও স্বরলিপি সহ প্রকাশিত হইবে তাহা বিশ্ববিদ্যালয়ের সঙ্গীত-পরীক্ষার্থীদিগের প্রয়োজনীয়তা সিদ্ধ করিবে।

নূতন দিল্লীর সঙ্গীত-নাটক-আকাদমি অর্থ সাহায্য না করিলে এই গ্রন্থ প্রকাশ করা সম্ভব হইত না। সেই জন্য সর্ব প্রথমেই ইঁহার প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করিতেছি। ডক্টর শ্রীমতী সতী ঘোষ এম, এ, ডি, ফিল এই কার্য্যে যথেষ্ট সহায়তা করিয়াছেন। এই জন্য তিনিও আমাদের ধন্যবাদার্হ। স্নেহভাজন শ্রীমান পঞ্চানন মুখোপাধ্যায়, সঙ্গীত বিশারদ ও শ্রীমান অজিতকুমার চট্টোপাধ্যায়, সঙ্গীত-বিশারদ ইহার স্বরলিপি পণ্ডিত বিষ্ণুনারায়ণ ভাতখণ্ডে প্রবর্ত্তিত স্বরলিপি পদ্ধতিতে রূপান্তরিত করিয়াছেন এবং বন্ধুবর জনপ্রিয় শিল্পী—শ্রীদ্বারকানাথ চট্টোপাধ্যায়, এই গ্রন্থের প্রচ্ছদপট অঙ্কন করিয়া দিয়াছেন, এই জন্য তাঁহাদিগকেও আন্তরিক ধন্যবাদ জানাই।

বাংলার লোক-সঙ্গীতের প্রচার-কল্পে এই গ্রন্থখানি যদি যথার্থই সাহায্য করিতে পারে, তবেই আমাদের উদ্যম সার্থক হইবে। বাংলার সঙ্গীতানুরাগীদিগের নিকট নিবেদন এই যে এই গ্রন্থখানিকে লোক-সঙ্গীত স্বরলিপির প্রথম প্রয়াস মনে করিয়া তাঁহারা ইহার প্রতি সহৃদয়তা ও আনুকূল্য প্রকাশ করিতে কার্পণ্য করিবেন না।

১লা বৈশাখ, ১৩৬৮ সাল
বেঙ্গল মিউজিক কলেজ
১০, ডোভার লেন,
কলিকাতা-২৯

শ্রীননীগোপাল বন্দ্যোপাধ্যায়

বাংলার লোক-সঙ্গীত

ভূমিকা

বাঙ্গালী চিরদিনই গীতি-প্রাণ জাতি। বাঙ্গালীর সাধনার সর্বাপেক্ষা সার্থক পরিচয়ই গীতি; বাংলার কবি রবীন্দ্রনাথ গীতি-কবি রূপেই জগদ্বরেণ্য হইয়াছেন। লিখিত কিংবা উচ্চতর সাহিত্য সাধনার ভিতর দিয়া বাংলার গীতি-কাব্য যে বিশ্বের মধ্যে এই প্রতিষ্ঠা লাভ করিয়াছে, তাহার অর্থ এই যে, ইহার সংস্কার বাঙ্গালী জাতির সর্বস্তরের সমাজকেই সমান ভাবে অধিকার করিয়াছিল। উচ্চতর শিক্ষিত সমাজ লিখিত সাহিত্য সাধনার ভিতর দিয়া ইহার যে শক্তি ও রূপের বৈচিত্র্য প্রকাশ করুক না কেন, নিরক্ষর সমাজের মধ্য দিয়াও ইহার গীতি-সংস্কার সক্রিয় হইয়াছিল, তাহাই জাতির মৌখিক কিংবা লোক-সঙ্গীত ধারার মধ্য দিয়া যুগে যুগে উৎসারিত হইয়া আসিতেছে। এই লোক-সঙ্গীতের মধ্যেই বাঙ্গালীর উচ্চতর গীতি-কবিতা রচনার ধারা জন্মলাভ করিয়াছিল বলিয়াই আজ ইহার মধ্যে এই শক্তি প্রকাশ পাইয়াছে। সেই জন্য আধুনিক বাংলা গীতি-কবিতার মূল্য বিচার করিবার কালে নিরক্ষর সমাজের মধ্যে প্রচলিত লোক-সঙ্গীত ধারারও পরিচয় উদ্ধার করিবার প্রয়োজন হয়।

বাংলা ভাষার প্রথম নিদর্শন স্বরূপ যে চর্যা-গীতির সন্ধান পাওয়া গিয়াছে, তাহা কয়েকটি গীতি। যদিও ইহাদের মধ্যে বিশেষ কোনও ধর্ম-সম্প্রদায়ের সাধন ভজনের নিগূঢ় তত্ত্ব কথার অবতারণা করা হইয়াছে, তথাপি ইহাদের বহিরঙ্গে যে একটি সহজ গীতির আবেদন প্রকাশ পাইয়াছে, তাহাই ইহাদের সর্বজনীন আকর্ষণের কারণ। তত্ত্বকথাও সরস গীতির পরিবেশের মধ্য দিয়া পরিবেষণ করিবার নিপুণতা একমাত্র বাঙ্গালীরই আছে। অন্যান্য জাতির মধ্যে জীবন-জিজ্ঞাসা দর্শন শাস্ত্রের রূপ লাভ করে, বাঙ্গালীর মধ্যে তাহা অতি সহজেই কাব্য ও গীতি হইয়া উঠে। তাহার নিদর্শন বাংলার ধর্মসঙ্গীতের সর্বত্রই পাওয়া যায়। বৌদ্ধ গান-গুলিও সহজ সাধনা সম্পর্কিত কতকগুলি গূঢ় তত্ত্বের নির্দেশ মাত্র; কিন্তু বাঙ্গালী ভাবুকের জীবন-দৃষ্টি ও অধ্যাত্ম চিন্তার বিশেষত্বের গুণে ইহারা অতি সহজেই সঙ্গীত হইয়া উঠিয়াছে। গীতির মাধ্যমে চিরকালই বাঙ্গালী তাহার সকল চিন্তাধারাকে প্রকাশ করিয়াছে, সুতরাং বাঙ্গালীর বিচিত্র লোক-গীতির পরিচয়েই বাঙ্গালী জাতির সামগ্রিক পরিচয় প্রকাশ পায়। ঐতিহাসিকগণ বাঙ্গালী জাতির পরিচয়কে বিভিন্ন ঐতিহাসিক উপাদানের মধ্য দিয়া খণ্ড খণ্ড করিয়া দেখিয়া থাকেন, তাঁহাদের অনুসন্ধানের মধ্য দিয়া জাতির একটি সামগ্রিক পরিচয় কোন দিনই প্রকাশ পাইতে পারে নাই; কিন্তু যে লোক-সঙ্গীতগুলির মধ্য দিয়া বাঙ্গালীর ধ্যান-মানস

একটি অখণ্ড পরিচয় লাভ করিয়াছে, তাহার ভিতর দিয়া জাতির একটি সামগ্রিক পরিচয় প্রকাশ কখনও ব্যর্থ হইতে পারে না। চর্যাপদের একটি মাত্র সঙ্গীতের ভিতর দিয়া যেমন সমগ্র বাঙ্গালীর চিরকালীন পরিচয়টি অখণ্ড হইয়া ধরা দিয়াছে, তেমনই একটি মাত্র বাউল গানের ভিতর দিয়া একটি সমগ্র জাতির হৃদয় স্পন্দিত হইয়াছে। বাঙ্গালীর লোক-সঙ্গীতগুলির ভিতর দিয়াও বাঙ্গালীর ভাব-জগতের যে অখণ্ডতার পরিচয় প্রকাশ পাইয়াছে, তাহা আর কোথাও সম্ভব হয় নাই। সেইজন্য বাঙ্গালীর ভাব-সাধনার ক্রম পরিণতির সূত্র অনুসরণ করিবার জন্যও বাংলার লোক-সঙ্গীতগুলির অনুশীলন একান্ত আবশ্যক হইয়া পড়ে। কেবল মাত্র ভাব-সাধনা ও রসোপলব্ধির ক্ষেত্রেই নহে, নানা ব্যবহারিক ক্ষেত্রেও বাংলার লোক-সঙ্গীত বাঙ্গালীর দৈনন্দিন সামাজিক ও পারিবারিক জীবনের নানা দিক দিয়া অন্তর্নিবিষ্ট হইয়া আছে। সুতরাং ইহার অনুশীলন ব্যতীত বাঙ্গালী সমাজের সামগ্রিক পরিচয় কোন দিক দিয়াই লাভ করা যাইতে পারে না।

লোক-সঙ্গীতের প্রধান বিশেষত্ব এই যে, ইহা মৌখিক রচিত হইয়া মৌখিক প্রচার লাভ করে, সমাজের মধ্যে শিক্ষা বিস্তার করিলেও কোন দিনই ইহা লিখিয়া রাখিবার সংস্কার গড়িয়া উঠে না। লিখিত হইবা মাত্রই সাহিত্য একটি বিশেষ অনমনীয় (rigid) রূপ লাভ করে ; কিন্তু যাহা কেবল মাত্র সমাজের স্মৃতিপথ অবলম্বন করিয়া মৌখিক প্রচার লাভ করে, তাহার মধ্যে কখনও একটি সুনির্দিষ্ট (rigid) রূপ গড়িয়া উঠিতে পারে না। প্রবহমাণতার মধ্য দিয়াই লোক-সঙ্গীতের প্রাণশক্তি রক্ষা পায়। নূতন নূতন যুগে উত্তীর্ণ হইয়া ইহার মধ্যে নূতন নূতন উপকরণ সংগৃহীত হয় এবং তাহার ফলেই ইহার কোন অংশেই জীর্ণতা স্পর্শ করিতে পারে না। সেই জন্য যতদিন কোন সংহত সমাজ-জীবনের মধ্যে লোক-সঙ্গীতের কোনও সুনির্দিষ্ট রূপ প্রচারিত থাকে, ততদিনই ইহা নিজের শক্তিতেই আত্মরক্ষা করিতে পারে ; তারপর সমাজ-জীবনের বিবর্তনের অনিবার্য ধারায় যখন ইহা অনাবশ্যক হইয়া পড়ে, তখন আপনা হইতেই তাহা বিনাশ প্রাপ্ত হয়, কেহই ইচ্ছা করিলেই ইহাকে আর সমাজ-দেহে রক্ষা করিতে পারে না। এই ভাবেই পল্লী-সঙ্গীত অতি সহজেই পল্লীর সমাজ-জীবনের বিবর্তনের ধারার সঙ্গে যুক্ত হইয়া যায় ; সমাজের প্রয়োজনেই ইহার যেমন বিকাশ, সমাজের প্রয়োজনেই তেমনই ইহার বিনাশ। কিন্তু ইহার সম্পূর্ণ বিনাশ কদাচ সম্ভব হয় না ; কারণ, যে ভাবেই হউক, সমাজ ইহার একটি নিজস্ব রূপ সর্বদাই রক্ষা করিয়া চলে ; নাগরিক জীবনে তাহা নানা ভাবে বিপর্যস্ত হইলেও পল্লী-জীবনের সংস্কার সেখান হইতেও সম্পূর্ণ দূর হয় না। সুতরাং ইহার শক্তি ইহার মধ্যে যত ক্ষীণই হউক না কেন, তাহা কখনও সম্পূর্ণ বিনাশ প্রাপ্ত হয় না। সেইজন্য নাগরিক জীবনের মধ্যে বাস করিয়াও আমরা লোক-সঙ্গীতের কথা বিস্মৃত হইতে পারি না ; যে কোন ভাবে ইহার আস্বাদ গ্রহণ করিয়াও আমরা আনন্দ অনুভব করি।

আধুনিক কালে নাগরিক জীবনে প্রতিষ্ঠিত সমাজের মধ্যেও যে লোক-সঙ্গীতের প্রতি প্রীতি দেখিতে পাওয়া যায়, তাহার ইহাই কারণ। ইহা কেবল আমাদের দেশের পক্ষেই সত্য নহে, মার্কিন দেশের মত আধুনিক যন্ত্র-সভ্যতার প্রতিনিধিও লোক-সঙ্গীত অনুশীলনের জন্য সুগভীর প্রেরণা অনুভব করিয়া থাকে। অথচ গভীর ভাবে বিচার করিয়া দেখিলে মনে হয়, মার্কিন দেশ পল্লী-জীবনের সংস্কার হইতে বহুদিন হইতেই মুক্ত হইয়া গিয়াছে। কিন্তু তাহা সত্ত্বেও প্রত্যেকের মধ্যেই পল্লীর সংহত সমাজ-জীবনের প্রেরণা যে কোন কালেই লুপ্ত হইতে পারে না, ইহা তাহারই প্রমাণ। বিশেষতঃ বাঙ্গালী জাতির সঙ্গীত-সংস্কার অত্যন্ত প্রাচীন, তদুপরি ইহা জাতীয় সংস্কারেরও পরিচয় লাভ করিয়াছে; অতএব সেই বাঙ্গালী জাতির মধ্য হইতে তাহার লোক-সঙ্গীতের প্রতি প্রেরণা কোন দিনই সম্পূর্ণ লুপ্ত হইতে পারে না—সাময়িক ভাবে বিপর্যস্ত হইতে পারে মাত্র। বাংলার লোক-সঙ্গীতের অনুশীলনের ভিতর দিয়া বাঙ্গালীর জাতীয় আত্মমর্যাদা বোধের পুনর্জাগরণ যত সহজ, অন্য কোন বিষয়ের ভিতর দিয়া তাহা তত সহজ নহে; কারণ, ইহার ভিতর দিয়া তাহার নিগূঢ় অন্তরের যোগ স্থাপিত হইয়াছিল।

লোক-সঙ্গীতের একটি প্রধান বিশেষত্ব এই যে, কোন দেশে কোন কালেই লোক-সঙ্গীত অনুশীলনের কোন বিধিবদ্ধ ব্যবস্থা থাকে না। কি ভাবে ইহা রচনা করিতে হয়, কি ভাবে ইহাকে স্মৃতি পথে রক্ষা করিতে হয়, কিংবা কি ভাবে ইহার সুর ও তাল শিক্ষা লাভ করিতে হয়, তাহার সুনির্দিষ্ট প্রণালী নাই। যাহারা ইহা আয়ত্ত করে, স্বভাব-দত্ত ক্ষমতার গুণে কেবল মাত্র কানে শুনিয়াই তাহা আয়ত্ত করিয়া থাকে। লোক-সমাজের মধ্যে এই প্রণালীতেই ইহা চিরকাল ধরিয়া প্রচলিত হইয়া আসিতেছে। সেইজন্য পল্লী-সমাজ হইতে যখন আমরা আজ এক নূতন সমাজ-জীবনের মধ্যে উত্তীর্ণ হইলাম, তখন ইহাকে রক্ষা করিবার কোন বহির্মুখী প্রণালীও অনুসরণ করিতে পারিলাম না। কিন্তু উচ্চাঙ্গ সঙ্গীত অনুশীলনের যে সুনির্দিষ্ট বিধি ব্যবস্থা আছে, তাহা নূতন নূতন সমাজ-জীবনের মধ্য দিয়াও রক্ষা পাইয়া আসিতেছে; সেইজন্য কয়েক শতাব্দী ধরিয়াও উচ্চাঙ্গ-সঙ্গীতের রূপ অক্ষুণ্ণ রহিয়াছে। উচ্চাঙ্গ-সঙ্গীত অনুশীলনের রীতি অনুসরণ করিয়া লোক-সঙ্গীতের অনুশীলন সম্ভব হয় না; কারণ, উভয়ের মধ্যে মৌলিক পার্থক্য রহিয়াছে। তথাপি এই বিষয়ে অন্য কোন প্রণালীর সন্ধান কাহারও বিদিত নাই বলিয়া এই ক্ষেত্রেও সেই একই রীতি অনুসরণ করিবার প্রয়াস প্রায় সর্বত্রই দেখা যায়। কিন্তু সহজ ভাবে সমাজের মধ্য দিয়া ইহার যে অনুশীলন সম্ভব হইত, তাহার অভাবে ইহার বিষয় আজ যাহা হইতেছে, তাহা দ্বারা ইহার যথার্থ পরিচয় লাভ কিছুতেই সম্ভব হইতে পারে না।

এ’ কথা সত্য যে, লোক-সঙ্গীত সমাজের অন্তর্ভুক্ত প্রত্যেকেরই নিজস্ব রস-বস্তু। তথাপি একই সমাজের অন্তর্ভুক্ত নর-নারীর মধ্যে বয়সের দিক হইতে জীবনের আচরণেও পার্থক্য আছে। সেই অনুসারে তাহাদের সঙ্গীতও পৃথক্ হইয়া থাকে। সেইজন্য দেখিতে পাওয়া যায়, কোন কোন বিশেষ প্রকৃতির গীতি ক্ষুদ্র ক্ষুদ্র বিশেষ গোষ্ঠী অবলম্বন করিয়াই প্রকাশ পায়। যেমন, কতকগুলি লোক-সঙ্গীত নারী-সমাজের জীবনাচরণের সঙ্গে সম্পর্ক-যুক্ত, তাহা পুরুষ কদাচ গান করে না; নারী-সমাজই ইহার রচয়িতা, ইহাই তাহার রক্ষক ও প্রতিপালক; তথাপি বৃহত্তর সমাজ-জীবনের পরিচয় ইহাদের ভিতর দিয়া প্রকাশ পায় বলিয়া পুরুষের সমাজও তাহার রস উপভোগ করিয়া থাকে—বিশেষতঃ ইহাদের মধ্যে জীবনের কথাই থাকে, সেই জীবন নারীর হইলেও সেই নারী একই সমাজের অন্তর্ভুক্ত, তাহার অতিরিক্ত কিছু নহে—তথাপি ইহাদের মধ্যে যে বিশিষ্টতা আছে, তাহাও লক্ষ্য করিবার যোগ্য। এই ভাবে দেখা যায়, মেয়েলী লোক-সঙ্গীত পুরুষ কদাচ গান করে না; এমন কি, কুমারী মেয়েদিগের ব্রত-গীতিও বিবাহিতা মেয়েরা গান করে না, অনেক সময় ইহা তাহাদের নিষিদ্ধ (taboo); যাহাদের আজ বিবাহ হইয়া গিয়াছে, তাহারা যখন অবিবাহিত ছিল, তখন ইহা স্বচ্ছন্দে গাহিয়াছে, কিন্তু বিবাহের পর ইহা তাহাদের নিষিদ্ধ হইয়াছে—সেই জন্য কেবল মাত্র কুমারী-সমাজের স্মৃতিপথ বাহিয়া তাহা আত্মরক্ষা করিয়া থাকে এবং সমাজের অনন্ত কুমারী জীবনের মধ্যে তাহা কদাচ নিরাশ্রিত হইয়া পড়িতে পারে না। তেমনই পটুয়ার গান পটুয়া ব্যতীত, কিংবা বেদের গান বেদে ব্যতীত আর কেহ গাহিবে না; এই বিষয়ে কোন সামাজিক বিধি-নিষেধ (taboo) না থাকিলেও সমাজের মনে এই সংস্কার অত্যন্ত দৃঢ় যে, যথার্থ অধিকারী ব্যতীত অন্যের নিকট হইতে কোন বিষয় গ্রহণ করিতে নাই। এই ভাবে বাংলার লোক-সঙ্গীতের বিশেষ কোন কোন রূপ এক একটি ক্ষুদ্র ক্ষুদ্র গোষ্ঠীর মধ্যে সীমাবদ্ধ হইয়া থাকে। তাহার ফল এই হয় যে, পটুয়ার ব্যবসায় লুপ্ত হইবার সঙ্গে সঙ্গে পটুয়ার গানও সমাজ হইতে লুপ্ত হইয়া যায়, কিংবা বেদের গানের মধ্যে যে সর্বকালীন এবং সর্বজনীন আবেদনই থাকুক না কেন, ব্যবসায়ী বেদে ভিন্ন তাহা পরিবেষণ করা সম্ভব হয় না। এই জন্যই বৃদ্ধ যত সুকণ্ঠই হউক না কেন, কদাচ প্রেম-সঙ্গীত গাহিবে না; আধ্যাত্মিক সঙ্গীতই তাহার সেই বয়সের অবলম্বন হইবে মাত্র, হিন্দু বিধবাগণও কুমারী ও সধবাদিগের মত ঐহিক আকাঙ্ক্ষামূলক কোন গান গাহিবে না। এই ভাবে ক্ষুদ্র ক্ষুদ্র গোষ্ঠী অবলম্বন করিয়া বিশেষ বিশেষ প্রকৃতির লোক-সঙ্গীত গীত হইলেও সাহিত্যের সর্বজনীন আবেদন হইতে ইহারা বঞ্চিত হয় না বলিয়া ইহারা গোষ্ঠীর হইয়াও সমগ্র সমাজের এবং সেই সূত্রেই ব্যষ্টিরও বলিয়া গৃহীত হয়। কারণ, ক্ষুদ্র ক্ষুদ্র গোষ্ঠী লইয়াই সমগ্র সমাজ দেহ গঠিত হইয়া থাকে। প্রত্যেকটি গোষ্ঠীই সমগ্র সমাজ-দেহের শিরা কিংবা উপশিরার মত; বিভিন্ন দিক হইতে রস-সংগ্রহ করিয়া ইহারা একই দেহের পুষ্টি সাধন করিতেছে। সেই সূত্রেই ইহারা বিচ্ছিন্ন হইয়াও পরস্পর এক অখণ্ড ঐক্য সূত্রে আবদ্ধ।

একাগ্র সাধনা দ্বারা উচ্চাঙ্গ-সঙ্গীতে যেমন অধিকার লাভ করা যায়, লোক-সঙ্গীতে তেমন সম্ভব হয় না। অন্ততঃ পল্লী-সমাজে সুদীর্ঘ অনুশীলন দ্বারা কেহই লোক-সঙ্গীতে দক্ষতা লাভ করে না। একাগ্র ব্যক্তি-প্রতিভা দ্বারা লোক-সঙ্গীতে অনুশীলন করিবার কিছু নাই। যাহার ভগবৎ-প্রদত্ত সুমিষ্ট কণ্ঠস্বর এবং প্রখর স্মৃতি-শক্তি আছে, সে অতি সহজেই লোক-সঙ্গীত পরিবেষণ বিষয়ে সমাজের দৃষ্টি আকর্ষণ করিতে পারে। যাঁহার মধ্যে এই দুইটি বিষয়ের অভাব আছে, তিনি শত শত চেষ্টা করিয়াও এই বিষয়ে দক্ষতা লাভ করিতে পারেন না। ইহার কারণ, লোক-সঙ্গীতের মধ্যে সূক্ষ্ম অনুশীলনের বিষয় কিছু নাই। ইহার সুর-রূপ ঐতিহ্যের অনুসারী এবং অত্যন্ত প্রত্যক্ষ ও সহজবোধ্য, সুতরাং ইহা সহজেই আয়ত্ত করা সম্ভব। কিন্তু সহজাত উক্ত দুইটি গুণ না থাকিলে তাহা অন্যের নিকট আবেদন সৃষ্টি করিতে পারে না। সংহত সমাজ-জীবনের মধ্যে যাহারা বাস করে, তাহারা লোক-সঙ্গীতের গীত-রীতির সঙ্গে সকলেই পরিচিত। নাগরিক সমাজে ইহা আমাদের শিক্ষা করিবার প্রয়োজন হয়; কারণ, ইহার ঐতিহ্যের সঙ্গে আমাদের এখানে কোন পরিচয় নাই; এমন কি, এই প্রকার শিক্ষা দ্বারা ইহা সম্পূর্ণ আয়ত্ত করাও সকল সময় সম্ভব হয় না। প্রাদেশিক ভাষার বিশিষ্ট উচ্চারণ-রীতি দ্বারা লোক-সঙ্গীতের গীতি-সুর গঠিত হইয়া থাকে, স্বতন্ত্র অঞ্চলের অধিবাসীর পক্ষে বিশিষ্ট কোন প্রাদেশিক উচ্চারণ-রীতি সম্পূর্ণ অধিকার করা সকল সময় সম্ভব হয় না; সুদীর্ঘ অনুশীলন ও একাগ্র সাধনা দ্বারা তাহা আয়ত্ত করিতে হয়। নাগরিক সমাজ দেশের বিভিন্ন আঞ্চলিক অধিবাসী লইয়াই গঠিত। সুতরাং নাগরিক সমাজে বাস করিয়াও প্রত্যেক অঞ্চলেরই পূর্বতন অধিবাসী যদি উপযুক্ত শিক্ষকের সান্নিধ্য লাভ করিয়া তাঁহার নিকট হইতে তাঁহার নিজস্ব অঞ্চলের লোক-সঙ্গীতগুলি অনুশীলন করিতে পারেন, তবে তাহার ভিতর দিয়াই তাঁহার পল্লী-জীবনের একটি রস-সংস্কারের সঙ্গে যোগ অব্যাহত থাকিতে পারে। বর্তমান কালে "গ্রামোদ্যোগ" "গোষ্ঠী-পরিকল্পনা" "আঞ্চলিক উন্নয়ন" (Block Development) ইত্যাদি নামে রাষ্ট্রীয় প্রচেষ্টায় পল্লী-উন্নয়নের যে সকল পরিকল্পনা গৃহীত হইতেছে, তাহাদের মধ্যে পল্লী-সঙ্গীত অনুশীলনেরও একটি সুপরিকল্পিত ব্যবস্থা থাকার প্রয়োজন। কারণ, বাংলার পল্লী-সঙ্গীত চিরকালই বাংলার পল্লী-জীবনের সংহতি রক্ষা করিয়াছে। যন্ত্রের শাসনে সমাজের বিকাশ হয় না, বরং বিনাশ হয়; কিন্তু হৃদয়ের শাসনে সমাজের বিকাশ হয়, পল্লী-সঙ্গীত পল্লীর হৃদয় হইতে উৎসারিত বলিয়া ইহা দ্বারাই বাংলার সামাজিক জীবনের সকল বিষয়, যেমন ধর্ম, আচার, উৎসব প্রভৃতি শাসিত বা নিয়ন্ত্রিত হইয়াছে। পল্লীর রূপের সঙ্গে ইহার পরিচয় অচ্ছেদ্য। সুতরাং যন্ত্রের সাহায্যে পল্লীর উন্নয়ন যে স্তরেই গিয়া পৌঁছাক, ইহার মধ্যে হৃদয়ের বন্ধন না থাকিলে তাহা শিথিল হইয়া পড়িবে, সমাজ-জীবন বিশিষ্ট রূপ লাভ করিতে পারিবে না। সুতরাং যান্ত্রিক উপকরণ দ্বারা পল্লী-জীবনকে আমরা যতই সমৃদ্ধ করি না কেন, তাহার সঙ্গে সঙ্গে ইহার উপর হৃদয়ের শাসনকে স্বীকার করিয়া লইবার প্রয়োজনেই পল্লী-সঙ্গীতের অনুশীলন বর্তমান যুগেও একান্ত আবশ্যক হইয়া পড়িয়াছে।

ভাব, তত্ত্ব ও আধ্যাত্মিকতার জগতে যেমন আমরা গুরুবাদ স্বীকার করি, রসোপলব্ধির জগতে তেমন গুরুবাদ স্বীকার করি না। রস সহজাত গুণ, গুরু-প্রদত্ত বিদ্যা নহে। পল্লীর অধিবাসী মাত্রই পল্লী-সঙ্গীতের রসিক, সেইজন্য লোক-সঙ্গীত অতি সহজেই সর্বজনীন হইয়া উঠিতে পারে।

যে জাতির সামাজিক জীবন যত বিচিত্র, তাহার লোক-সঙ্গীতও বিষয়ের দিক দিয়া তত বিচিত্র হইয়া থাকে। এই বিষয়ে ভারতবর্ষের অন্যান্য প্রদেশের তুলনায় বাংলাদেশের একটি পার্থক্য আছে; ইহার গুণেই বাঙ্গালীর লোক-সঙ্গীত বিষয়-বস্তুর দিক দিয়া যেমন বিচিত্র, তেমনই রসের দিক দিয়াও অত্যন্ত সমৃদ্ধ। বাংলার লোক-সঙ্গীতের বৈচিত্র্য যেমন বিষয়গত, তেমনই ভাবগত। আলোচনার সুবিধার জন্য ইহাদিগকে কতকগুলি অংশে বিভক্ত করা যাইতে পারে।

বাংলার বিশেষ কতকগুলি লোক-সঙ্গীত দেশের বিশেষ কতকগুলি অংশের মধ্যেই সীমাবদ্ধ—ইহাদিগকে আঞ্চলিক কিংবা regional সঙ্গীত বলা যায়। গীতি রূপে ইহাদের এক একটি শাশ্বত আবেদন প্রকাশ পাইলেও, বাংলার এক একটি আঞ্চলিক জীবন আশ্রয় করিয়াই এই শ্রেণীর সঙ্গীত বিকাশ লাভ করিয়াছে—অন্যান্য অঞ্চলে ইহারা প্রচার লাভ করিতে পারে নাই। দৃষ্টান্ত স্বরূপ পশ্চিম বঙ্গের পটুয়া, ভাদু, ঝুমুর; উত্তর বঙ্গের গম্ভীরা, জাগ, ভাওয়াইয়া; পূর্ব বঙ্গে জারি, সারি, ঘাটু প্রভৃতির নাম উল্লেখ করা যাইতে পারে। সমস্ত বাংলাদেশ ব্যাপিয়া এই সকল সঙ্গীত প্রচার লাভ করিতে পারে নাই; অথচ এ' কথা সত্য, ইহাদের মধ্য দিয়া যে বিষয় পরিবেষণ করা হইয়া থাকে, সমগ্র বাঙ্গালীর উপরই তাহাদের আবেদন সার্থক হইবার যোগ্য। পটুয়ার গানের ভিতর দিয়া ভাগবত, রামায়ণ, মহাভারত ও মঙ্গলকাব্যের বিশেষতঃ মনসামঙ্গলের কাহিনীই পরিবেষণ করা হইয়া থাকে। সমগ্র বাংলাদেশ ব্যাপিয়াই ইহাদের আবেদন প্রকাশ পাইবার যোগ্য। কিন্তু যে ব্যবস্থা বা প্রণালীর ভিতর দিয়া ইহা পরিবেষণ করা হইয়া থাকে, তাহার বিশিষ্টতার জন্য ইহা দেশের নির্দিষ্ট একটি অঞ্চল ব্যতীত প্রচার লাভ করিতে পারে নাই। পটুয়ার গানের সঙ্গে পটচিত্রাঙ্কন ও ইহার ব্যবসায়ীর ঘনিষ্ঠ সম্পর্ক রহিয়াছে, বিশেষ একটি ঐতিহ্য অনুসরণ করিয়াই ইহা বিকাশ লাভ করিয়াছে, সেই ঐতিহ্য এই অঞ্চলের সমাজের মধ্যেই বিকাশ ও পুষ্টিলাভ করিয়াছিল, অন্য অঞ্চলে নানা ঐতিহাসিক কারণেই তাহা প্রচার লাভ করিতে পারে নাই। সুতরাং এই সঙ্গীতও অন্যত্র প্রচার লাভ করিতে পারে নাই। পশ্চিম বাংলার প্রান্তবর্তী বিশিষ্ট প্রকৃতি ইহার ভাদু সঙ্গীতের জন্মদাত্রী, বাংলার অন্যান্য অঞ্চলের প্রকৃতি বা নিজস্ব রূপ ইহা হইতে স্বতন্ত্র। সুতরাং ইহা অন্যত্র প্রচার লাভ করিতে পারিল না। অথচ এ' কথা সত্য যে, ইহার মধ্যে যে গার্হস্থ্য জীবন-রসের আবেদন আছে, তাহা বাঙ্গালীর জীবনে সর্বত্র সত্য। সেইজন্য এই বিষয়ক সঙ্গীতগুলি আঞ্চলিক হইয়াও

সামগ্রিক বাঙ্গালী জাতীর লোক-সঙ্গীত রূপে স্বীকৃতি লাভ করিয়াছে। এই ভাবে উত্তর ও পূর্ব বঙ্গের আঞ্চলিক লোক-সঙ্গীতের মধ্যে যে বিশিষ্টতাই প্রকাশ পায় না কেন, ইহাদের মধ্য দিয়া শাশ্বত বাঙ্গালীর নিত্য জীবনের যে প্রতিফলন দেখা যায়, তাহার গুণেই ইহা বাঙ্গালীর জাতীয় লোক-সঙ্গীত রূপে গৃহীত হইবার যোগ্যতা লাভ করিয়াছে। Unity in diversity যে ভারতীয় সংস্কৃতির প্রতীক্, ইহাদের মধ্য দিয়াও বাঙ্গালীর জাতীয় সংস্কৃতিতে তাহারই পরিচয় প্রকাশ পাইয়াছে। সেইজন্য একদিক দিয়া যেমন ইহারা আঞ্চলিক, অপর দিক দিয়া তেমনই সমগ্র বাংলার অখণ্ড লোক-সঙ্গীতের অবিভাজ্য অঙ্গ হইয়া আছে।

প্রেম-সঙ্গীত বাংলার লোক-সঙ্গীতের একটি প্রধান অংশ। এক দিক দিয়া বিচার করিয়া দেখিতে গেলে, বাংলা লোক-সঙ্গীতের ইহাই সর্বাপেক্ষা ব্যাপক বিষয়। বাংলার প্রেম-সঙ্গীতের কয়েকটি প্রধান বিভাগ ; যথা প্রথমতঃ রাধাকৃষ্ণ বিষয়ক। এই রাধা কিংবা কৃষ্ণ কেহই ভাগবত হইতে আসেন নাই, ইহারা বাংলারই পঙ্কশেষ পানা পুকুরের ধারে বাঙ্গালীর জীর্ণ কুটারে জন্মলাভ করিয়াছে। একটি প্রচলিত কথা এই যে, এদেশে 'কানু ছাড়া গীত নাই।' অর্থাৎ এ' দেশের সঙ্গীত মাত্র শ্রীকৃষ্ণের নামাঙ্কিত। ইহা প্রেম-সঙ্গীতের উপরই প্রযোজ্য। এ'কথা সত্য যে, বাংলার যে-অঞ্চলে বৈষ্ণব ধর্মের কিছু প্রভাব স্থাপিত হইয়াছে, সেই অঞ্চলেই কেবল মাত্র রাধাকৃষ্ণের নাম প্রবেশ করিয়াছে, অন্যত্র তাহা হইতে পারে নাই। পশ্চিম ও পূর্ববঙ্গই প্রধানতঃ বৈষ্ণব ধর্ম দ্বারা বিশেষ ভাবে প্রভাবিত হইয়াছে, সেইজন্য এই দুই অঞ্চলের প্রেম-সঙ্গীতে রাধাকৃষ্ণের নাম যত শুনিতে পাওয়া যায়, অন্য কোন অঞ্চলে তাহা তত শুনিতে পাওয়া যায় না। উত্তর বঙ্গের প্রেম-সঙ্গীত ভাওয়াইয়া গান প্রধানতঃ রাধাকৃষ্ণের সম্পর্ক হইতে সম্পূর্ণ মুক্ত। রাধাকৃষ্ণের নাম যে কোন সাম্প্রদায়িকতার সূত্রে বাংলার লোক-সঙ্গীতে প্রবেশ করে নাই, তাহার প্রধান প্রমাণ এই যে, মুসলমান কৃষক সমাজে প্রচলিত লোক-সঙ্গীতের মধ্যেও নায়ক-নায়িকার নাম রূপে শ্রীকৃষ্ণ ও রাধিকার সাক্ষাৎকার লাভ করা যায়। ইহার কারণ পূর্বেই উল্লেখ করিয়াছি যে, ইহারা ভাগবত পুরাণের পবিত্র ক্ষেত্র হইতে বাংলার লোক-সঙ্গীতে প্রবেশ করেন নাই ; বরং বাংলার গৃহাঙ্গিনার ধূলি মলিন ক্ষেত্র হইতেই তাঁহাদের আবির্ভাব হইয়াছে। বাংলার লোক-সঙ্গীতে যেখানে স্বাধীন প্রেমের কথা আছে, সেখানে রাধাকৃষ্ণের নাম শুনিতে পাওয়া গেলেও দাম্পত্য জীবনের মধ্যেও যে প্রেমের অধিষ্ঠান আছে, সেখানে রাধাকৃষ্ণের পরিবর্তে রাম সীতার নাম শুনিতে পাওয়া যায়। কিন্তু রামসীতার প্রসঙ্গ বাঙ্গালীর হিন্দু জীবনকেই মাত্র আশ্রয় করিয়াছে, রাধাকৃষ্ণ কাহিনীর মত সমাজের সকল স্তরে প্রচার লাভ করিতে পারে নাই। সেইজন্য ইহা তেমন সর্বজনীন আবেদন সৃষ্টি করিতে পারে নাই।

হর-গৌরীর প্রসঙ্গও বাংলার লোক-সঙ্গীতের একটি ক্ষেত্র অধিকার করিয়া আছে সত্য, কিন্তু তাহার মধ্য দিয়া বাঙ্গালীর চিরন্তন বাৎসল্য রসেরই বিকাশ হইয়াছে। আগমনী বিজয়া সঙ্গীতই

ইহার প্রধান বিষয়, ইহাও রামসীতা প্রসঙ্গের মত হিন্দু সমাজের গার্হস্থ্য জীবনের গণ্ডী অতিক্রম করিয়া যাইতে পারে নাই। সেইজন্য রাধাকৃষ্ণ প্রসঙ্গের মত আর কোন প্রসঙ্গ সম্প্রদায় নির্বিশেষে এমন সর্বজনীন আবেদন সৃষ্টি করিতে সমর্থ হয় নাই।

লৌকিক প্রেম-সঙ্গীতের মধ্যে বিরহ বা নৈরাশ্যের দিকটি যত জীবন্ত হইয়া উঠিয়াছে, ইহার মিলনের কথা তত জীবন্ত হইতে পারে নাই। প্রেম-সঙ্গীতে মিলনের চরিতার্থতা নাই; বরং তাহার পরিবর্তে বিচ্ছেদের বেদনা অতলস্পর্শী হইয়া উঠিয়াছে। বাংলার লোক-সঙ্গীতের ইহা একটি উল্লেখযোগ্য বিশেষত্ব।

বাংলার লোক-সঙ্গীতের আর একটি উল্লেখযোগ্য অংশকে ব্যবহারিক সঙ্গীত বলিয়া উল্লেখ করা যায়। ইহাকে ইংরেজিতে (functional song) বলা হয়। ইহার সুনির্দিষ্ট কতকগুলি প্রয়োগ ক্ষেত্র আছে, তাহা ব্যতীত ইহাদের ব্যবহার হয় না। বিবাহের গীত ইহার সর্বশ্রেষ্ঠ নিদর্শন। পরিবারে বিবাহের অনুষ্ঠান ব্যতীত ইহাদের কদাচ গীত হয় না, কেবল মাত্র বিবাহ উপলক্ষেই ইহারা গীত হইয়া থাকে। সুদীর্ঘকালের মধ্যেও যদি বিবাহের অনুষ্ঠান না হয়, তথাপি কেবল মাত্র স্মৃতি চর্চার জন্যও ইহারা গীত হয় না। ইহাদের প্রয়োগ ক্ষেত্র অত্যন্ত সঙ্কীর্ণ হইলেও ইহারা বিশেষ বলিষ্ঠ রচনা। পারিবারিক ও দাম্পত্য-জীবনের বিচিত্র সুখ ও আশা ইহাদের ভিতর দিয়া ব্যক্ত হইয়া থাকে। হিন্দু পরিবারের এই শ্রেণীর সঙ্গীতের সঙ্গে রামসীতার চিত্র প্রবেশ করিলেও মুসলমান পরিবারের অনুরূপ সঙ্গীত মানবিক জীবন রসে পরিপুষ্ট। নারী-সমাজ এই সঙ্গীতের প্রতিপালক, সেই জন্য সুনিবিড় গার্হস্থ্য জীবনের রসে ইহারা সমুজ্জ্বল।

আর এক শ্রেণীর বাংলার লোক-সঙ্গীতকে আনুষ্ঠানিক সঙ্গীত বলা যায়, ইংরেজিতে ইহাদিগকে **calendric song** অথবা **ritual song** বলা হয়। ইহারা বৎসরের মধ্যে নির্দিষ্ট তারিখ কিংবা উপলক্ষ ব্যতীত কদাচ গীত হয় না। যেমন গাজনের গান গাজনোৎসব ব্যতীত বৎসরের আর কোন সময় শুনিতে পাওয়া যাইবে না। অনেক আঞ্চলিক গীতিও আনুষ্ঠানিক সঙ্গীত হইতে পারে, তবে আনুষ্ঠানিক গীতি যেমন বাংলার সর্বত্র প্রচলিত, আঞ্চলিক আনুষ্ঠানিক গীতি তেমন নহে, তাহা একই অঞ্চলের মধ্যে সীমাবদ্ধ।

কর্ম-সঙ্গীত বা work songও লোক-সঙ্গীতের একটি বিশেষ অংশ। পূর্ব বাংলার সারিগান বা নৌকা বাইচের গান ইহার বিশেষ নিদর্শন। এতদ্ব্যতীত, ধান কাটার গান, ধান ভানার গান, পাট কাটার গান ইত্যাদিও ইহারই অন্তর্ভুক্ত।

বাউল

বাংলার লোক-সঙ্গীতের একটি প্রধান অংশ ধর্ম-সঙ্গীত। অনেকে ধর্মসঙ্গীতকে লোক সাহিত্যের অন্তর্ভুক্ত বলিয়া মনে করেন না; কারণ, ধর্ম বাংলার লোক-সমাজের উপর সর্বজনীন আবেদন সৃষ্টি করিতে পারে না। এই দেশে বিভিন্ন সম্প্রদায়ের লোক বাস করে, বিভিন্ন সম্প্রদায়ের ধর্মাচার বিভিন্ন, সুতরাং একান্তভাবে একটি ধর্মের মতবাদ আশ্রয় করিয়া যে সঙ্গীত রচিত হয়, তাহা সামগ্রিক ভাবে লোক-সমাজের নিকট আবেদন সৃষ্টি করিতে ব্যর্থ হয়। সুতরাং ইহার মধ্যে যে আবেদন সৃষ্টি হয়, তাহা সম্প্রদায়গত বা Sectarian। ধর্মের সূক্ষ্ম তত্ত্ব, নীতি কিংবা দর্শন সাহিত্য নহে। ব্রহ্ম সত্য জগৎ মিথ্যা, জীব হিংসা পাপ; সদা সত্য কথা কহিবে— ইহা সাহিত্য নহে, অথচ ধর্মের ভিতর দিয়া চিরকাল এই সকল বাণী প্রচারিত হইয়া আসিতেছে। বাংলার পল্লীর সহজিয়া তত্ত্বের গান, নাথ ধর্মতত্ত্বের গান, দেহতত্ত্ব, বাউল, মুর্শীদ্যা, মারফতী, শ্যামাসঙ্গীত ইত্যাদি যে বাংলার লোক-সঙ্গীতের একটি বিরাট অংশ ইহাদের মধ্য দিয়াও এক একটি তত্ত্ব কথাই প্রচারিত হইতেছে, কিন্তু বাংলাদেশের বৈশিষ্ট্য এই যে, ইহাদের তত্ত্বকথাগুলি নীরস সূত্র কিংবা সংক্ষিপ্ত সারের মত প্রকাশ পাইতেছে না—বিচিত্র রসমণ্ডিত হইয়া সঙ্গীতের আকারে তাহা পরিবেষিত হইতেছে। ধর্মের তত্ত্ব কিংবা দর্শন জীবনকে আশ্রয় করিয়াই প্রকাশ পায়, সাহিত্যেও জীবনেরই প্রকাশ; সুতরাং যেখানে ধর্মের সূক্ষ্ম তত্ত্ব সূত্রের পথ পরিত্যাগ করিয়া রসাশ্রিত হইয়া সঙ্গীতের রূপে আত্মপ্রকাশ করে, সেখানে তাহা নিঃসন্দেহে সাহিত্য পদবাচ্য হইবার যোগ্য। হাজার বছরের পুরাণো বৌদ্ধগানগুলি যে আবিষ্কৃত হইয়াছে, তাহাদের মধ্যেও সাধন ভজনের কথাই আছে; সেই সাধন ভজনের নিগূঢ় রহস্য আজ ইহাদের মধ্য হইতে কিছুই উদ্ধার করা যায় না; তথাপি ইহারা সরস সঙ্গীতের ভিতর দিয়া আত্মপ্রকাশ করিয়াছিল বলিয়া ইহাদের সাহিত্যিক আবেদন এই সুদীর্ঘ দিনের ব্যবধানেও কিছুমাত্র ক্ষুণ্ণ হয় নাই। বাংলার বাউল গানের ভিতর ও যে সুগভীর তত্ত্ব ও দর্শনের কথা আছে, তাহা বাদ দিলেও ইহার নৃত্য ও সঙ্গীত জাতিধর্ম নির্বিশেষে বাঙ্গালীর মনে যে রস-আবেদন সৃষ্টি করিতে সক্ষম হয়, তাহাতেই ইহার সাহিত্যিক পরিচয় প্রকাশ পায়। বাংলার বাউল, দেহতত্ত্ব, মুর্শীদ্যার গানে যে তত্ত্বকথাই থাকুক, তাহা বাঙ্গালীর প্রাত্যহিক জীবনের নিতান্ত পরিচিত গণ্ডীর মধ্য দিয়াই রূপায়িত হইয়া

থাকে। সুতরাং বাউলের তত্ত্ব না বুঝিয়াও বাউলের সঙ্গীতের মধ্য হইতে রসাস্বাদন করিতে কোন অন্তরায় সৃষ্টি হয় না। বিশেষতঃ বাংলার ধর্মসঙ্গীতের ভিতর দিয়া যে তত্ত্ব প্রকাশিত হইয়াছে, তাহার একটি প্রধান বিশেষত্ব এই যে, তাহাও বাঙ্গালীর জীবন-চেতনা হইতে জাত। উচ্চতর ধর্ম, যথা হিন্দু-মুসলমান-খৃষ্টান ধর্ম তাহাদের অন্তরালেও বাঙ্গালীর একটি নিজস্ব ধর্মবোধ আছে, এখানে প্রায় সকল বাঙ্গালীই একাকার হইয়া আছে; সেইসূত্রে ইহার ভিতর দিয়া বাঙ্গালী মাত্রই এক অখণ্ড ঐক্য অনুভব করিয়া থাকে। যে ধর্মচেতনা ভিত্তি করিয়া বাংলার পল্লীর ধর্ম-সঙ্গীতগুলি প্রধানতঃ রচিত হইয়াছে, তাহা বাংলাদেশের জলবায়ুতেই পুষ্টিলাভ করিয়াছে; সুতরাং এই সূত্রেই ইহা বাঙ্গালীর জাতীয় রসচেতনার সঙ্গে ঐক্য স্থাপন করিতে সক্ষম হইয়াছে। এই গুণে বাংলার ধর্মসঙ্গীতগুলি যেমন জাতীয় চেতনার বাহন, তেমনি সাহিত্যিক মর্যাদা লাভেরও অধিকারী। ইহাদের রচনার মধ্য দিয়া তত্ত্বকথা কিংবা দার্শনিক চিন্তা প্রকাশ করিবার নীরস রীতি অনুসরণ করা হয় না, বাংলা সঙ্গীত রচনার যাহা বৈশিষ্ট্য, আনুপূর্বিক তাহাই ইহাদের রচনার ভিতর দিয়াও প্রকাশ পায়। কিন্তু একটি বিষয়ে সাধারণ লোক-সঙ্গীতের সঙ্গে ইহাদের পার্থক্য কিছুতেই অস্বীকার করা যায় না। ক্রমপরিবর্তনের ভিতর দিয়া বিকাশ লাভ করাই লোক-সঙ্গীতের ধর্ম। পরিবর্তনের ভিতর দিয়া ইহার প্রাণশক্তি রক্ষা পায়, কখনও ইহা নির্জীব হইয়া পড়িবার অবকাশ পায় না। বিশেষতঃ ইহাতে যুগোচিত পরিমার্জনা স্বীকৃত হয় বলিয়াই ইহা লোক-সমাজের নিকট কখনও প্রাচীন কিংবা অনুপযোগী বলিয়া বিবেচিত হয় না। কিন্তু ধর্মসঙ্গীতগুলি লোক-সঙ্গীতের পরিবর্তনের এই নিয়ম কিছুতেই স্বীকার করে না। ইহাদের একটি আচারগত (ritual) মূল্য থাকে বলিয়া ইহা কেহই পরিবর্তন করিতে পারে না। যে সকল ধর্মসঙ্গীতের কথা উপরে উল্লেখ করিলাম, তাহা প্রায় সকলই গুরুর নিকট হইতে শিষ্য শিক্ষা লাভ করে এবং কেবল মাত্র তাহা গুরুশিষ্য পরম্পরায় অগ্রসর হইয়া থাকে। গুরুর শিক্ষা শিষ্য সতর্ক হইয়া রক্ষা করে, কাজেই তাহা পরিবর্তিত কিংবা বিকৃত করিতে পারে না। সুতরাং লিখিত সাহিত্যের মত তাহা অচিরেই অপরিবর্তনীয় (rigid) হইয়া যায়। সেইজন্য লোক-সঙ্গীত ক্রমবিকাশ লাভ করিলেও ধর্মসঙ্গীত কদাচ ক্রমবিকাশ লাভ করে না, ইহার একটি অবিচল আদর্শ ভক্ত সম্প্রদায়ের নিকট স্থির হইয়া থাকে; ক্রমবিকাশ লাভ না করিবার ফলেই তাহা ক্রমে বিনাশ প্রাপ্ত হয়। লোকসঙ্গীত ক্রমবিকাশের ধারায় যুক্ত হইয়া লোকসমাজের মধ্য দিয়া বিকাশ লাভ করিতে করিতে অগ্রসর হয়, তারপর পল্লীর সমাজ-ব্যবস্থা যখন শিথিল হইয়া যায়, তখনই তাহার বিনাশ অনিবার্য হইয়া উঠে। কিন্তু যতদিন পল্লীসমাজের সংহতি বিনষ্ট না হয়, ততদিন লোক-সঙ্গীতের ক্রমঃবিকাশ অব্যাহত থাকে।

যাই হউক, তথাপি এ' কথা অস্বীকার করিবার উপায় নাই যে, বাংলার ধর্ম-সঙ্গীত বাংলার লোক-মানসের (folk mind) একটি বিশেষ পরিচয় প্রকাশ করে। ইহা ক্রমপরিবর্তনের

ধারার সঙ্গে যুক্ত না হইলেও ইহাদের বহিরঙ্গে যে রস-পরিচয় ব্যক্ত করে, তাহার মধ্য দিয়া বাঙ্গালীর সাধারণ লোক-জীবনের সংস্কার অস্পষ্ট হইয়া থাকে না। সুতরাং ইহাদিগকেও বিশেষ প্রকৃতির বাংলার লোক-সঙ্গীত বলিয়াই গ্রহণ করিতে পারা যায়।

বাংলার লৌকিক ধর্ম-সঙ্গীতের মধ্যে বাউল সঙ্গীতই প্রধান। ধর্মীয় সাধনার বিশিষ্ট একটি প্রণালীর নাম বাউল। কালক্রমে বাউল সাধনা একটি সুনির্দিষ্ট পদ্ধতিতে পরিণত হইলেও দেখিতে পাওয়া যায় যে, বাঙ্গালীর আধ্যাত্মিক মানসের ক্রমবিকাশের একটি সূত্র ধরিয়াই ইহার উদ্ভব হইয়াছে। একদিক হইতে বৈদিক হিন্দু ধর্ম ও অপর দিক হইতে বৌদ্ধধর্মের প্রভাব বাঙ্গালীর জন-জীবনে স্বাঙ্গীকৃত হইয়া যে ভাবে তাহা ক্রমপরিণতির পথে অগ্রসর হইয়াছে, তাহারই ধারায় মধ্য যুগে বাংলাদেশে বাউল ধর্মমতের বিকাশ হইয়াছে। ক্রমবিকাশের পথ ধরিয়া ইহা যতদিন অগ্রসর হইয়াছে, ততদিন ইহার মধ্যে মহাযান বৌদ্ধমত, সহজিয়া মত, নাথধর্মমত, গৌড়ীয় বৈষ্ণব মতবাদ, সূফী মতবাদ ইত্যাদি হইতে বিভিন্ন উপকরণ আসিয়া ইহার মধ্যে সংমিশ্রণ লাভ করিয়াছে। তারপর মধ্যযুগের বিশেষ একটি সময়ের মধ্যে ইহার মতবাদ যখন একটী সুনির্দিষ্ট প্রণালীর মধ্যে আবদ্ধ হইয়া যায়, তখন হইতেই ইহাতে বহিরাগত উপাদান সমূহ প্রবেশ করিবার পথ অবরুদ্ধ হইয়া পড়ে। সুতরাং ইহা ক্রমবিকাশের ধারায় অন্ততঃ খৃষ্টীয় সপ্তদশ শতাব্দী পর্যন্ত বাংলার জন-জীবনের বিচিত্র আধ্যাত্মিক চিন্তার আশ্রয় হইয়াছিল। সেইজন্য ইহাকে একদিক দিয়া যেমন লৌকিক ধর্ম বলিয়াও উল্লেখ করা যায়, তেমনই অন্যদিকে এই ধর্ম আশ্রয় করিয়া যে সঙ্গীতগুলি রচিত হইয়াছে, তাহাও বাংলার লোক-সঙ্গীতের অন্তর্ভুক্ত বলিয়া নির্দেশ করিতে পারা যায়। গুপ্ত সম্রাট্‌দিগের সমসাময়িক কাল হইতে বাউল সাধনার বিভিন্ন উপকরণ বাংলার সাধারণ জন-মানসে বিকাশ লাভ করিতে আরম্ভ করিলেও খৃষ্টীয় সপ্তদশ শতাব্দীর শেষ প্রান্তের পূর্ব পর্যন্ত ইহা কোন সুসংবদ্ধ প্রণালী অবলম্বন করিতে পারে নাই। সুতরাং সপ্তদশ শতাব্দীর পূর্ববর্তী কালেও বাংলা সাহিত্যের বিভিন্ন ক্ষেত্রে বাউল কথাটির উল্লেখ পাওয়া গেলেও, বর্তমানে আমরা বাউল কিংবা বাউল সম্প্রদায় বলিতে যাহা বুঝি, তাহা দ্বারা তাহা বুঝিতে পারা যায় না।

বৌদ্ধধর্ম বাংলা দেশের অনতিদূরবর্তী স্থান মগধ বা উত্তর বিহার অঞ্চলে উদ্ভব ও বিকাশ লাভ করিয়াছিল; সুতরাং এ' দেশের সাধারণ জনগণের উপর প্রথম হইতেই ইহার প্রভাব অত্যন্ত সুদূর-প্রসারী হইয়াছিল। অতএব গুপ্ত সম্রাট্‌দিগের সময় হিন্দুধর্মও যখন এদেশে প্রবেশ লাভ করিল, তখনও বৌদ্ধ প্রভাব হইতে ইহা সম্পূর্ণ মুক্ত হইয়া এ' দেশের মধ্যে প্রবেশ করিতে পারিল না। যে জড়বাদ বা শূন্যবাদ বৌদ্ধ ধর্মের মূল কথা, তাহা অতি প্রাচীন কাল হইতেই এ দেশের জন-মানসে নিজের প্রভাব স্থাপন করিয়াছিল, তারপর সমাজ-জীবনের ক্রমবিবর্তনের ধারায় পর্যায়

ক্রমে ইহাতে এই জড়বাদের উপর নানা বিভিন্নমুখী ধর্মবোধ আসিয়া নিজের প্রভাব স্থাপন করিয়াছে, বাংলার বাউল সাধনার মধ্যে তাহাদেরই একটি মিশ্র পরিচয় প্রকাশ পাইয়াছে। সেইজন্য ইহা বিশ্লেষণ করিলে ইহার বিভিন্ন স্তরে বিভিন্ন সমাজ-জীবন হইতে আগত ধর্মচিন্তার বিচিত্র উপকরণের সন্ধান পাওয়া যাইবে। বৌদ্ধধর্মের নাস্তিকতা পরবর্ত্তী সহজ সাধনার মধ্যে নিজের পরিচয়টি সুস্পষ্ট-ভাবে প্রকাশ করিয়াছিল; হয়ত এ' কথাও সত্য যে, বৌদ্ধ নিরীশ্বরবাদ এবং সহজ-সাধনা স্বাধীন ভাবেই উদ্ভূত হইয়াছিল। মহাযান বৌদ্ধ ধর্মের যুগে আরও একটি নিরীশ্বরবাদী ধর্ম বাংলার লৌকিক ধর্মচেতনাকে নানা ভাবে নিয়ন্ত্রিত করিয়াছে—তাহা নাথধর্ম। ইহাদের পরস্পর সম্পর্ক অত্যন্ত ঘনিষ্ট। কিন্তু কালক্রমে এ' দেশের অধ্যাত্মচিন্তার ক্ষেত্রে বিশেষতঃ সাধারণ সমাজের মধ্যে বলিষ্ঠ একেশ্বরবাদী ইস্‌লাম ধর্মের আবির্ভাবের ফলে ভারতীয় লোকায়ত ধর্মচিন্তার মধ্যে যে মৌল নিরীশ্বরবাদের চেতনা ছিল, তাহা পরিবর্তিত হইতে আরম্ভ করিল। তখন ক্রমে ক্রমে বহির্মুখী আচারের প্রতি অবিশ্বাস সৃষ্টি হইতে আরম্ভ করিলেও অন্তর্মুখী একটি বিশ্বাস সমাজের মনে স্থান পাইতে লাগিল। গৌড়ীয় বৈষ্ণব ধর্ম এই কথাই প্রকাশ করিয়াছে,

বিদ্যা মান কুল ধনে কি করিতে পারে।
প্রেমধন আর্ত্তি বিনে না পাই কৃষ্ণেরে॥

এখানে ঈশ্বর সত্য বলিয়া অনুভূত হইলেও আচার মিথ্যা বলিয়া গণ্য হইয়াছে, বাউলের সাধনার মধ্য দিয়াও এই কথা শুনিতে পাওয়া যায়,

ওগো সাঁই,
তোমার পথ ঢাক্যাছে মন্দিরে মসজিদে।

হিন্দুধর্মের আচারও সত্য নহে, মুসলমান ধর্মের আচারও সত্য নহে, ধর্মের বহির্মুখী কোন আচারই সত্য নহে—একমাত্র স্বামী বা ভগবানই সত্য।

সহজ সাধনা, গৌড়ীয় বৈষ্ণব সাধনা, সূফী সাধনা কিংবা বাউল সাধনার মূল বক্তব্য বিষয় যাহা, তাহার মধ্যে গুরুবাদ কোনদিক দিয়াই স্থান লাভ করিতে পারে না। কারণ, সহজ-সাধনা এই ভাবে সকল আচারকে অস্বীকার করিয়াছে, যেমন—

কিংতো মন্তে কিং তোরে তন্তে,
কিং তোরে ঝান বাখানে।

মন্ত্রেই বা কি, তন্ত্রেই বা কি, ধ্যান-ব্যাখ্যানেই বা কি হইবে? সুতরাং গুরুর নিকট হইতে মন্ত্র দীক্ষা গ্রহণ করিয়া সাধনার পথে অগ্রসর হইবার ধারা সহজিয়াগণ অস্বীকার করিবারই কথা। গৌড়ীয় বৈষ্ণব ধর্মের সাধনায় ভক্ত যে ভাবে অন্তরের মধ্যে কৃষ্ণের সান্নিধ্য অনুভব করিয়া

থাকেন, তাহাতেও কোনও গুরুর মধ্যস্থতা স্বীকার করিবার প্রয়োজন হয় না, হইবার কথা নহে। পুরীতে সার্বভৌম ভট্টাচার্য সন্ন্যাসী চৈতন্যকে এই কথাই বলিয়াছিলেন। সুফী সাধকগণও কোন মুরশীদ বা গুরুর মাধ্যম ব্যতীতই সুনিবিড় ঈশ্বর-সান্নিধ্য অনুভব করিয়া থাকেন। বাউল সাধনার মধ্যেও একই কথা আছে। বাউল শব্দের কেহ কেহ এমন অর্থ করিয়া থাকেন যে, যে বায়ুর মত (ঈশ্বরের সঙ্গে) মিশিয়া থাকে, সেই বাউল। বায়ুর মত সুনিবিড় ভাবে যে কোন বস্তুর সঙ্গেই যে কোন বস্তু মিশিতে পারে, বাউল সাধক সেই ভাবেই ভগবানের সঙ্গে মিশিয়া থাকে। তাহার সাধনার মধ্যেও ঈশ্বরের সঙ্গে সুনিবিড় ঐক্যানুভূতির আনন্দের কথা আছে। অথচ বিস্ময়ের বিষয় এই যে, উক্ত প্রত্যেকটি মতবাদ অর্থাৎ সহজিয়া গৌড়ীয় বৈষ্ণব, সূফী কিংবা বাউল প্রত্যেকের মধ্যেই গুরুবাদ একটি প্রধান স্থান গ্রহণ করিয়াছে। বাংলা দেশের ধর্মমতগুলির উপর ইহা প্রবল গুরুবাদী নাথ ধর্মের প্রভাবের ফল বলিয়া অনুমান করা গেলেও সূফী মতবাদের উপর গুরুবাদের প্রভাব স্বতন্ত্র কোন ক্ষেত্র হইতে আসিতে পারে; তথাপি বাংলা দেশের লোক-সমাজের ধর্মসাধনায় গুরুবাদ বিশেষ স্থান অধিকার করিয়াছিল বলিয়া সূফী মতবাদ এ' দেশে আসিয়া অনুকূল পরিবেশ লাভ করিয়া সহজেই পরিপুষ্ট হইয়া উঠিয়াছে। যদিও বাউল সাধনার মূল তত্ত্বের মধ্যে গুরুবাদের স্থান নাই, তথাপি সাধারণের স্তরে এই ধর্মমত প্রচার লাভ করিয়া সাধারণের ধর্মচিন্তার উপকরণে ইহা অভিনব পরিচয় লাভ করিয়াছে; অনেক সময় ইহার মৌলিক আদর্শের সঙ্গে ইহার আচার-জীবনের সম্পর্ক খুঁজিয়া পাওয়া যায় না। পৃথিবীর অনেক ধর্মমত সম্পর্কেই এই কথা সত্য।

সঙ্গীতের মধ্যদিয়াই বাউলের তত্ত্বকথা প্রকাশিত হইয়াছে, বাউল সঙ্গীতই বাউলের শাস্ত্র। সহজ হৃদয়ানুভূতির উপর বাউল সাধনার প্রতিষ্ঠা হইয়াছে বলিয়া বাউলের সঙ্গীতগুলি তত্ত্বমূলক হইলেও ইহাদের মধ্যে গূঢ় কথা কিছু মাত্র নাই, সঙ্গীতের ধর্ম রক্ষা করিয়া নিতান্ত সহজ ভাবেই তাহা প্রকাশ করা হইয়াছে। বাউল সঙ্গীতগুলি বিশ্লেষণ করিলে সাধারণ ভাবে ইহার ধর্মমত সম্পর্কে এই কথাগুলি জানিতে পারা যায়।

প্রথমতঃ বাউল সাধনা আচার (ritual) ধর্মকে অস্বীকার করিয়া থাকে। হিন্দুর পক্ষে বেদাচার কিংবা মুসলমানের পক্ষে শরিয়তী আচার দুই-ই বাউল সাধনায় অর্থহীন বলিয়া প্রচারিত হইয়া থাকে। বাঙ্গালীর লৌকিক ভাব-সাধনার এই অনুভূতির মধ্যে নূতনত্ব কিছু মাত্র নাই। সহজিয়া ভাব-সাধনার মধ্যে এই চেতনা আছে, গৌড়ীয় বৈষ্ণব ধর্মের মূল চেতনার মধ্যেও ইহার অস্তিত্ব অনুভব করা যায়; এমন কি, অষ্টাদশ শতাব্দীর সাধক রামপ্রসাদও এই ভাবে ইহারই অনুভূতি প্রকাশ করিয়াছেন, যেমন—

কাজ কি আমার গিয়ে কাশী।
ঘরে ব'সে পাব আমি গঙ্গা বারাণসী॥

সুতরাং বাংলার চিরন্তন ধর্ম-সাধনার মূল ভাব-বিন্দুই এই চেতনাকে আশ্রয় করিয়া বিকাশ লাভ করিয়াছে। বাংলার বাউল সাধনার মধ্যে বাঙ্গালীর এই জাতীয় ভাব-চেতনারই অভিব্যক্তি দেখা যায় মাত্র।

গুরুবাদ বাউল সাধনার অন্যতম প্রধান বিশেষত্ব—সে কথা পূর্বেও উল্লেখ করিয়াছি। একদিক দিয়া যদিও বাউল সম্প্রদায় ধর্মের আনুষ্ঠানিক আচারকে অস্বীকার করিয়াছে, তথাপি গুরুর সঙ্গে সম্পর্কের ভিতর দিয়া সেই আচার-ধর্মকেই যে অনেকখানি স্বীকার করিয়া লইয়াছে, তাহাও অস্বীকার করা যায় না। বাঙ্গালীর লৌকিক ধর্মচেতনার প্রভাবকে স্বীকার করিয়াই যে বাউল সাধনার মধ্যে গুরুবাদ প্রবেশ লাভ করিয়াছে, তাহা অস্বীকার করা যায় না। কারণ, বাংলার নাথধর্ম এবং তান্ত্রিক ধর্ম উভয়ই বলিষ্ঠ গুরুবাদের উপর প্রতিষ্ঠিত। যে যোগসাধনা নাথধর্মের একটি অপরিহার্য অঙ্গ, তাহা গুরুমুখী বিদ্যা এবং তাহাই বাউল সাধনার মধ্যে গিয়াও প্রবেশ লাভ করিয়াছে। শারীর (physical) কিংবা ঐন্দ্রজালিক (magic) ক্রিয়া যে ধর্মসাধনার ধর্মাচারের মধ্যে একটি বিশিষ্ট স্থান লাভ করে, তাহাতে গুরুবাদ স্বভাবতঃই প্রবেশ করিয়া থাকে; কারণ, গুরুর নিকট হইতে প্রত্যক্ষ ভাবে তাহার প্রণালী শিক্ষালাভ করিতে হয়। সেইজন্য তান্ত্রিক সাধনা কিংবা যোগ-সাধনার মধ্যে গুরুবাদ এত বলিষ্ঠ পরিচয় লাভ করিয়াছে। কিন্তু দেশাচারের এই প্রভাব এ'দেশের সামাজিক ও ধর্মীয় জীবনে এত সক্রিয় ছিল যে, তাহা প্রায় সকল ধর্ম চেতনাকেই স্পর্শ করিয়াছে। এই ভাবে বাঙ্গালীর হিন্দু ধর্মের মধ্যেও ক্রমে গুরুবাদ প্রবেশের পথ রুদ্ধ করিতে পারা যায় নাই। সেইজন্য বাঙ্গালী দ্বিজের একবার আচার্যগুরুর নিকট হইতে দীক্ষা গ্রহণের পরও কুলগুরুর নিকট হইতে দীক্ষা গ্রহণ করিবার প্রয়োজন। আচার্য গুরু বৈদিক মতে দীক্ষা দান করিলেও কুলগুরু তান্ত্রিক মতে দীক্ষা দান করিয়া থাকেন। অথচ হিন্দু ধর্মের মৌলিক আদর্শের মধ্যে গুরুবাদের কোন স্থান ছিল না। বাউল সাধনার ও মূল আদর্শের সঙ্গে গুরুবাদের কোন সম্পর্ক ছিল না, থাকিবার কথাও নহে; কারণ, সকল প্রকার আচারকে অস্বীকার করিয়াই বাউল সাধনার সার্থকতা, যেখানে মক্কা মদিনা কিংবা গয়া কাশীকে স্বীকার করা হয় না, বরং সহজ ভাবে একমাত্র ভগবানের সঙ্গে সুনিবিড় সান্নিধ্য অনুভূতির কথাই প্রকাশ পায়, যেখানে মন্দির মস্‌জিদ ভগবানকে লাভ করিবার পথ রোধ করিয়া দাঁড়াইয়া আছে বলিয়া মনে করা হয়, সেখানে গুরু কিংবা মুর্শীদ ভগবানকে লাভ করিবার পক্ষে কি ভাবে সহায়ক হইতে পারে বলিয়া বিবেচিত হয়? সুতরাং বাউল সাধনার মৌলিক প্রেরণার উপর গুরুবাদও আচার রূপেই প্রবেশ লাভ করিয়াছে। যাই হউক, বাউল সাধনায় ইহার শক্তি অত্যন্ত প্রবল; গুরু কিংবা মুর্শীদ ব্যতীত যে এই সাধনায় সিদ্ধি অসম্ভব, বিভিন্ন বাউল সঙ্গীতের ভিতর দিয়া তাহারই পরিচয় প্রকাশ পাইয়াছে। এমন কি, ক্রমে গুরু বা মুর্শীদই ভগবানের স্থান অধিকার করিয়া লইয়াছে এবং গুরুর সেবার মধ্যেই ভগবৎ সেবা বিরাম লাভ করিয়াছে।

মুসলমান ফকিরদিগের গুরুভক্তিমূলক বাউল সঙ্গীতগুলি মুর্শীদ্যা গান নামে পরিচিত। গুরু অর্থে আরবি ভাষায় মুর্শীদ। এই গুরুবাদ বাংলার মহাযান বৌদ্ধ ও হিন্দু তন্ত্র হইতে আরম্ভ করিয়া সকল লৌকিক ধর্মেরই বিশেষত্ব এবং এই সূত্রে বাউল সাধনাও বাঙ্গালীর জন-মানসের সঙ্গে সুনিবিড় সংযোগ স্থাপন করিতে সক্ষম হইয়াছে।

সূক্ষ্ম ভাব-চৈতন্য দ্বারা ভগবানের অপার্থিব শক্তির অনুভূতি করা সত্ত্বেও বাউল সাধনায় স্থূল শারীর দেহই একমাত্র সত্য বলিয়া স্বীকৃত হইয়া থাকে। দেহধারী মানুষের প্রত্যক্ষ পরিচয়ই পরম সত্য, ইহাই সকল সাধন ভজনেরও ভিত্তি স্বরূপ, ইহা অতিক্রম করিয়া কোন জীবনও যেমন নাই, তেমনই কোনও জগৎও নাই। এমন কি, যে সূক্ষ্ম ভগবৎ চৈতন্য বাউল সাধনার লক্ষ্য, তাহারও অধিষ্ঠান দেহকে অতিক্রম করিয়া নহে, বরং দেহকে আশ্রয় করিয়াই সম্ভব হইয়া থাকে। বাউল সাধনায় অনুভব করা হয় যে, মানব দেহের মধ্যেই ভগবানের অধিষ্ঠান রহিয়াছে, মানব দেহকে বাদ দিয়া ভগবান বৈকুণ্ঠে স্বর্গে কিংবা অন্য কোন কল্পলোকে বাস করিতে পারেন না। দেহের মধ্যে আত্মা রূপে ভগবান্ অধিষ্ঠান করিয়া থাকেন, মানবাত্মাই ভগবান, আত্মাকে অতিক্রম করিয়া আর কোন শক্তির অস্তিত্ব কল্পনা ভ্রম মাত্র, সুতরাং ভগবানের পূর্ণ শক্তিই মানবাত্মার মধ্যে বিধৃত আছে। দেহের মধ্যস্থিত সেই আত্মাকে অস্বীকার করিয়া দূর পর্বতে অরণ্যে তীর্থে মন্দিরে ঈশ্বরের অনুসন্ধান করা বৃথা। প্রত্যক্ষ মানবজীবন ও পার্থিব স্থূল দেহের মধ্য হইতেই কেবল মাত্র সুগভীর অনুভূতি দ্বারা ঈশ্বরের নিবিড়তম সান্নিধ্য অনুভব করিতে হইবে।

রামপ্রসাদ সেনের সুপরিচিত এই সঙ্গীতের ভিতর দিয়া বাউল সাধনারই মূল তত্ত্বটি প্রকাশ পাইয়াছে, যেমন—

মন তুমি কৃষি-কাজ জান না,
এমন, মানব জমিন রইল পতিত
আবাদ করলে ফলত সোনা।

জীবনের আবাদ করিয়াই সোনার ফসল, জীবনকে অস্বীকার করিয়া নহে। সুতরাং প্রত্যক্ষ মানব জীবন এবং মানব-দেহই যে বাউল সাধনার একমাত্র অবলম্বন, এই ভাবটির মধ্যে বাঙ্গালীর জাতীয় অধ্যাত্ম অনুভূতির সুনিবিড় সম্পর্ক রহিয়াছে। বাংলার সহজিয়া সাধনার সূত্র ধরিয়াই এই ভাবটি বিকাশ লাভ করিয়াছে, এ কথা সত্য; তথাপি সহজ-সাধনার মধ্যে মানব দেহ সম্পর্কিত যে কতকটা নির্লিপ্ততার পরিচয় প্রকাশ পায়, বাউল সাধনার মধ্যে তাহা পায় না। বাউল মানব-দেহকেই তাহার সমস্ত সাধন ভজনের পীঠস্থান করিয়া লইয়াছে বলিয়া ইহার সম্পর্কে তাহার যে সচেতনতা প্রকাশ পাইয়াছে, সহজিয়ার তাহা ততটা প্রকাশ পায় নাই। তথাপি এ কথা সত্য, সহজিয়াদিগের দেহবাদী সাধনার সূত্র ধরিয়াই ইহার বিকাশ হইয়াছে। সহজিয়াগণ যে চিৎশক্তিতে বিশ্বাসী ছিল না, বাউল সাধনায় তাহাতেই বিশ্বাস স্থাপন করা হইয়াছে। যদিও বাউলের এই চৈতন্য শক্তি

একান্ত দেহাশ্রয়ী এবং দেহ-নিরপেক্ষ কিছুমাত্র নহে, তথাপি ইহার অনুভূতির মধ্যে যে সূক্ষ্মতা আছে, তাহাতেই স্থূল দেহবাদী সহজিয়াগণের সঙ্গে বাউল সাধকদিগের একটি বিশেষ পার্থক্য সৃষ্টি হইয়াছে। তথাপি এই চৈতন্য যে এ'দেশের জাতীয় আধ্যাত্মিক চিন্তার কিছুমাত্র ব্যতিক্রম নহে, ইহা হইতে তাহা বুঝিতে পারা যায়।

দেহের মধ্যে যখন পূর্ণশক্তিধর আত্মারূপী ভগবানের অধিষ্ঠান, তখন দেহই বাউল সাধকদিগের নিকট ব্রহ্মাণ্ড স্বরূপ; এই দেহের মধ্যেই আকাশ আছে, সমুদ্র পর্বত নদ নদী অরণ্য কান্তার সকলই আছে, দেহের মধ্য হইতেই জাগতিক সকল বস্তুর সন্ধান পাওয়া যাইবে। বাংলার আদি কবি চণ্ডীদাসই এই সুরের আদি উদ্গাতা। তাঁহার এই বাণী 'সবার উপরে মানুষ সত্য তাহার উপরে নাই,' এই উপলব্ধিই বাউল সাধনার এই তত্ত্বকথার প্রেরণা দান করিয়াছে। বেদান্ত দর্শন যেমন বলিয়াছে, ব্রহ্ম সত্য, জগৎ মিথ্যা; বাউল সাধকগণ তাহার পরিবর্তে বলিয়াছে, মানুষ সত্য, মানুষকে অতিক্রম করিয়া যে ব্রহ্ম, তাহা মিথ্যা। এই নরদেহ সত্য, দেহাশ্রিত যে আত্মা তাহা সত্য, তাহা ব্যতীত আর সকল কিছুই মিথ্যা। দেহের কামনা দেহাশ্রিত পরম সত্য যে আত্মা, তাহারই কামনা; সুতরাং ইহার চরিতার্থতাতেই সকল সাধনায় সিদ্ধি। এই অনুভূতির মধ্যে মানুষ ও তাহার পার্থিব জীবনের প্রতি যে বিশ্বাসই প্রকাশ পাক না কেন, ইহারই পথ অনুসরণ করিয়া ইহাতে স্থূল ইন্দ্রিয় ভোগ-বাসনা চরিতার্থতার বিষয় আধ্যাত্মিক স্বীকৃতি লাভ করিল, তাহার ফলেই ইহাতে এই আদর্শের সৃষ্টি হইল যে 'তরবি যদি ভবনদী নারীসঙ্গ কর।' নাথধর্মের যে যোগ সাধনা সুকঠিন ব্রহ্মচর্য পালনের ভিতর দিয়া সিদ্ধি লাভ করিত, তাহা হইতে কোন কোন প্রেরণা লাভ করা সত্ত্বেও, বাউল সাধনা তাহার এই সম্পূর্ণ বিপরীত ধর্মী আদর্শটিকে জীবনে গ্রহণ করিল। তাহাতেই ইহা ক্রমে সমাজের নিম্নস্তরে বিস্তার লাভ করিয়া ইন্দ্রিয় ভোগের নব বেদান্ত রচনা করিল—এক সমুচ্চ নৈতিক শক্তি হইতে ভ্রষ্ট হইয়া কালক্রমে গতিশক্তিহীন হইয়া পড়িল। ক্রমে সর্ব শক্তিধর দেহের মধ্য হইতে আত্মারূপী ঈশ্বরের সূক্ষ্ম উপলব্ধির পরিবর্তে ইহার মধ্যে ইন্দ্রিয়াসক্তির কথা আসিয়া পড়িল। এইখানে অধঃপতিত তন্ত্র সাধনার সঙ্গে বাউল সাধনা অনেকটা একাকার হইয়া গেল। সূফী মতের সাধনার মধ্য দিয়াও মানব দেহকেই সকল সাধনার একমাত্র অবলম্বন রূপে গ্রহণ করা হইয়া থাকে, কিন্তু তান্ত্রিক সাধনার পথ দিয়া বাউল সাধনার মধ্যে কালক্রমে দেহ ভোগের যে নিরঙ্কুশ অধিকার স্থাপন করা হইয়াছে, সূফী সাধনার মধ্যে তাহা প্রবেশ করিতে পারে নাই। বাউল সাধনা বাঙ্গালীর বিচিত্র আধ্যাত্মিক সাধনার উপকরণকে যে ভাবে নিজের মধ্যে স্বাঙ্গীকৃত করিয়া লইয়াছে, সূফী সাধনা তাহা ততটা করিতে পারে নাই।

মানব-দেহের মধ্যে আত্মারূপী ভগবানের উপলব্ধি এবং তাহার নিয়ত সান্নিধ্য সুখের অনুভূতিই বাউল সাধকদিগের লক্ষ্য। আত্মারূপী এই ভগবানকে সহজ কথায় 'মনের মানুষ'

এই আখ্যা দেওয়া হইয়া থাকে। সেইজন্য বাউল সঙ্গীতে 'মনের মানুষ' কথাটি বিশেষ তাৎপর্যমূলক। বাউলের নিকট মানুষ সত্য, মানুষ তুচ্ছ নহে। সেইজন্য নিত্য সত্যস্বরূপ ভগবান্ বা আত্মাকেও সে মানুষ বলিয়াই উল্লেখ করিয়া থাকে। 'মনের মানুষে'র উপলব্ধিতেই বাউলের উল্লাস, সেই উল্লাস বাউলের নৃত্য এবং সঙ্গীতের ভিতর দিয়া সর্বদা প্রকাশ পাইয়া থাকে—তাহা অন্তরের মধ্যে কোনও নির্বিকল্প ভাব-চেতনার মধ্যে স্তম্ভিত করিয়া রাখা সম্ভব হয় না। কিন্তু মনের মানুষ প্রত্যেকের মনের মধ্যেই অবস্থান করে বলিয়াই তাহাকে যে সহজে ধরা ছোঁয়া বা অনুভব করা যায়, তাহা নহে; কেবল মাত্র সুগভীর অনুভূতির ভিতর দিয়া জীবনের কোনও পরম মুহূর্তে তাহাকে উপলব্ধি করা যাইতে পারে। সেই জন্য বাউল গায়—

দেখেছি রূপ-সাগরে মনের মানুষ কাঁচা সোনা।
তারে ধরি ধরি মনে করি ধরতে গেলে ধরা দেয় না।

ভিতরের মানুষটিই বাহিরের দেহ-গৃহটি নির্মাণ করিয়া তাহার মধ্যে বাস করিতেছেন; তিনি একাধারে যেমন ভোগ্য, তেমনিই ভোগী, শাসক এবং শাসিত। বাউলের গীতি-ভাষায়,

আপনি ঘর সে আপনি ঘরী
আপনি করে রসের চুরি ঘরে ঘরে,
ও সে আপনি করে মাজিস্টারি,
আবার, আপনি বেড়ায় বেড়ি প'রে।

বাহিরের দেহ ও ইহার ভিতরের 'মানুষ'টি সম্পর্কে বাউল সাধনায় একটি তত্ত্ব কথা প্রকাশ পাইয়া থাকে, তাহা রূপ-স্বরূপ তত্ত্ব বলিয়া পরিচিত। বাউল সাধনায় 'রূপ' কথাটির একটি বিশেষ অর্থ আছে; প্রকৃতির প্রত্যক্ষ রূপ-বৈচিত্র্যের পরিবর্তে বাউল সাধনায় 'রূপ' কথাটি কেবল মাত্র দেহকে বুঝায়। রবীন্দ্রনাথ 'রূপ' অর্থে বৃহত্তর জড় জগৎকে গ্রহণ করিয়াছেন, কিন্তু বাউলের সাধনায় রূপ কেবল মাত্র মানব-দেহের বহির্মুখী পরিচয়; ইহার অন্তর্মুখী পরিচয়ের নাম 'স্বরূপ'। এই অন্তর্মুখী পরিচয়ের স্বাধীন কোন সত্তা নাই, ইহা সর্বতোভাবে রূপ বা দেহের অধীন। রূপের ভিতর দিয়া স্বরূপে উত্তীর্ণ হওয়া অর্থাৎ রূপের আস্বাদনের ভিতর দিয়া রূপাতীতের আস্বাদনের প্রয়াস। ইহাতে স্থূল দেহকে যেমন সমগ্র ভাবে স্বীকার করা হয়, তেমনই স্থূল দেহই যে কেবল মাত্র সর্বস্ব নয়, তাহারও উপলব্ধির কথা প্রকাশ পায়—রূপের ভিতর দিয়া অরূপের পথে অভিসারই বাউলের একমাত্র সাধ্য সাধন, ইহার অতিরিক্ত আর কিছুই নহে। বাউলের সঙ্গীতের ভিতর দিয়া এই ভাবটি প্রকাশ পাইয়াছে; যেমন,

রূপের দেহে স্বরূপের স্থিতি,
স্বরূপেতে রসের মানুষ করেন বসতি,
রসের মানুষ ধরবি যদি
রাগের পথে কর গমন।

রাগের পথ বলিতে এখানে পার্থিব প্রেম ও মিলনের পথ বুঝাইয়াছে।

বাউলদিগের মৌলিক সাধন-পদ্ধতির মধ্যে সমস্ত বাংলা দেশ ব্যাপিয়া ঐক্য থাকিলেও ইহাদের বহির্মুখী জীবনাচারের কোন কোন ক্ষেত্রে আঞ্চলিক কিংবা সাম্প্রদায়িক পার্থক্যও দেখা যায়। সেই অনুসারে এই সম্প্রদায়কে কতকগুলি ভাগে ভাগ করা হইয়া থাকে; যেমন প্রথমতঃ মুসলমান বাউল, দ্বিতীয়তঃ বৈষ্ণব বাউল। বৈষ্ণব বাউলকে আবার কেহ কেহ দুইটি শাখায় ভাগ করিয়াছেন, যেমন নবদ্বীপী শাখা ও রাঢ়ীয় শাখা। ইহাদের প্রত্যেকটি বিভাগই চৈতন্য ধর্ম দ্বারা প্রভাবিত হইলেও মুসলমান বাউল বা ফকির সম্প্রদায় অপেক্ষা বৈষ্ণব বাউল শাখাই যে ইহার প্রভাব সর্বাধিক পরিমাণে স্বাঙ্গীকরণ করিয়া লইয়াছে, তাহা অতি সহজেই বুঝিতে পারা যায়। এই তিনটি বিভাগের মধ্যে সঙ্গীত পরিবেশনের মধ্য দিয়াও কিছু কিছু পার্থক্য লক্ষ্য করা যায়। যদিও বাউল সঙ্গীতের সঙ্গে নৃত্য ওতপ্রোত ভাবে জড়িত, তথাপি ইহাদের মধ্যে কোন কোন শাখা নৃত্যকে অনিবার্য রূপে গ্রহণ করে নাই, কিংবা সঙ্গীতের প্রয়োগরীতিতে কোন কোন ক্ষেত্রে শৈথিল্য প্রকাশ করিয়া থাকে। কিন্তু এ কথা সত্য, বাউল সাধনার আদর্শের মধ্যে সঙ্গীতের সঙ্গে নৃত্য অপরিহার্য। নৃত্য যেখানে অপরিহার্য সেখানে সঙ্গীতের সুরেও একটি বিশিষ্টতা প্রকাশ পায়, যে-কোন সুরেই বাউল সঙ্গীত পরিবেশন করা যাইতে পারে না। সেই জন্য বাউল সঙ্গীতের সুরে একটি বিশেষ শক্তি প্রকাশ পায়, ইহাই রবীন্দ্রনাথকে প্রথম বাউল সঙ্গীতের দিকে আকর্ষণ করিয়াছিল। রবীন্দ্রনাথ যখন পূর্ববঙ্গে তাঁহার জমিদারী দেখা শোনার কার্যে নিযুক্ত হইয়া আসিলেন, তখনই সেখানকার বাউল সাধকদিকের সঙ্গে তাঁহার প্রথম পরিচয় স্থাপিত হইল, ইহাদের সঙ্গীতের সুর ও সাধনার আদর্শে রবীন্দ্রনাথ তাঁহার নিজস্ব একটি সুর ও ভাবের যেন অস্তিত্ব অনুভব করিলেন। তারপর হইতে বাউল সঙ্গীতের সুর ও সাধনা কতদিক দিয়া যে তাঁহার চিন্তার রাজ্যে প্রবেশ করিয়াছিল, তাহা আমরা জানি। রামপ্রসাদ যেমন শ্যামাসঙ্গীতের বিশিষ্ট একটি সুর, যথা রামপ্রসাদী সুরের প্রবর্তক, তেমনই ফিকির চাঁদ বাউল বাউল সঙ্গীতের একটি বিশিষ্ট সুরের প্রবর্তক, তাহা 'ফিকির চাঁদি' সুর নামে পরিচিত। রামপ্রসাদের গানেও অন্যান্য সুর আছে, তবে শ্যামাসঙ্গীতের ক্ষেত্রে যেমন রামপ্রসাদীই একমাত্র সুর নয়, অন্যান্য সাধকের রচিত শ্যামাবিষয়ক সঙ্গীত অন্যান্য রাগ রাগিণীতেও গীত হয়, তেমনই বাউল সঙ্গীতও ফিকিরচাঁদি ব্যতীত অন্যান্য কোন কোন সুরেও গীত হয়, কিন্তু প্রধানত ইহার সুরের মধ্যে একটি ঐক্য আছে। বাউল গান নৃত্যের সঙ্গে অপরিহার্য রূপে সংযুক্ত; সেই জন্য সাধারণ বৈঠকী সঙ্গীতের সুর-বিচার ইহার উপর আরোপ করা যায় না। বিশেষতঃ বাউলের নাচে ছন্দের বৈচিত্র্য আছে, আর সঙ্গে সঙ্গে তালেও বৈচিত্র্য অর্থাৎ 'তাল ফেরতা' আছে। সুতরাং বাউলের সঙ্গীত তাহার নৃত্য রূপের উপর নির্ভরশীল।

তবে এ' কথা সত্য, বাউলের আনুষ্ঠানিক সঙ্গীতের মধ্যে নৃত্য সংযুক্ত থাকিলেও অনেক সময় পূর্ব বাংলায় ভাটিয়ালী সুরেও বাউল ও দেহতত্ত্বের গান শুনিতে পাওয়া যায়, তাহাদের সঙ্গে নৃত্য

